## উদীয়মান জীবন

উদ্যম গতিতে ছুটছে জীবন-
শপথে থাকতে চায় মন আজীবন-আমরন।
সঙ্কিল চিত্তে আজ অবারিত দোর,
পঙ্কিল পথ আর বাধা নয় মোর।
নয়ন মাঝে আজ উদিছে স্বপ্ন ভুবন,
হৃদয় দুয়ারে পাচ্ছে ইহা সুশোভন।
সত্য সংস্কারে যখন পাগল এই মন-
কর্তব্য-দায়িত্বে 'স্বপ্ন রাজ' হন যে কৃপণ।
থামিয়ে জীবনের দুরন্ত সব ছুট,
ভাবনাকে করে তোলে কুটিল থেকে কূট।
মন পাখির ডানা ছেটে করে তাকে বন্দি,
চন্চল মনকে রুখতে যেন বড় এক ফন্দি।
অঘোষিত চাপের মুখে ভুলে সব ভুল-ঠিক্-
হই যেন শিশু গল্পরাজ্যের পথভোলা পথিক।
বুঝে সে কথা আজ আমার শিহরিত প্রান;
লক্ষ্যে পৌছতে নামতে রণে এই আমার আজ আহবান।
লক্ষ্যের এপারেতে এই শুরু হল যুদ্ধ,
ভাগ্যের সমরেতে হয়ে ওঠী ক্ষুব্ধ।
মানবোনা বাধা আর শুনবোনা ভুলবাণী
জটিল-জীবনেতে নিশ্চয়ই জয়ী হব আমি।
এই আশা রাখি আমি করলাম শেষ
পঠনকে ভাবনায় আনা হেতু ধন্যবাদ অশেষ।
--- রত্নজ্যোতি চক্রবর্ত্তি

